ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৬১</u>
আগরতলা, ২৫ এপ্রিল, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

স্যন্দন পত্রিকায় ১৭ এপ্রিল, ২০২৫ তারিখে ‘বে আইনিভাবে ম্যানেজিং কমিটি গড়ে চলেছেন শিক্ষা অধিকর্তা’ শিরোনামে প্রকাশিত সংবাদ বিদ্যালয় শিক্ষা দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদটিতে কিছু তথ্যগত অস্পষ্টতা রয়েছে বলে দপ্তর মনে করে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য সংবাদ সম্পর্কে স্পষ্টিকরণ দিয়ে বলা হয়েছে- বেআইনিভাবে ম্যানেজিং কমিটিগুলিকে শিক্ষা অধিকর্তা অনুমোদন দিচ্ছেন বলে যে কথা বলা হয়েছে তা সত্য নয়। সরকারি অনুদানপ্রাপ্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য-সদস্যাগণ ‘The Managing committee (For Government Secondary Schools) Rules,1985’ অনুসারে নির্বাচন/ মনোনয়নের মাধ্যমে অন্তর্ভুক্ত হয়ে থাকেন। এরপর বিদ্যালয় কর্তৃপক্ষ নবগঠিত ম্যানেজিং কমিটি মধ্যশিক্ষা অধিকর্তার মাধ্যমে অনুমোদন এর জন্য ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদে পাঠায় এবং পর্ষদ প্রয়োজনীয় অনুমোদন দিয়ে থাকে।

প্রকাশিত সংবাদে বলা হয়েছে গ্রান্ট ইন এইড রুলস সংক্রান্ত নথি শিক্ষা দপ্তরে নেই। একথা সত্য নয়। এই সংক্রান্ত যাবতীয় নথি বিদ্যালয় শিক্ষা দপ্তরের গ্রান্ট ইন এইড সেকসনে রয়েছে। গ্রান্ট ইন এইড বিদ্যালয়ে জায়গা সহ স্থাবর সম্পত্তি বেদখল হয়ে যাচ্ছে বলে যা বলা হয়েছে এমন কোন তথ্য দপ্তরের কাছে নেই। যেসব বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি নেই সে সব বিদ্যালয়কে পরিচালনার জন্য শিক্ষা দপ্তরের ডেপুটি ডিরেক্টর পদমর্যাদার কোনও আধিকারিককে দায়িত্ব দেওয়া হয় বলে যে তথ্য প্রকাশিত হয়েছে তাও সঠিক নয়। ‘The Tripura Grant-In-Aid (Government Aided Schools) Rules, 2005’ অনুযায়ী ম্যানেজিং কমিটির অনুপস্থিতিতে দপ্তর এডমিনিসস্ট্রেটর নিযুক্ত করবে। কিন্তু এডমিনিসস্ট্রেটরের পদমর্যাদা কী হবে তা বলা নেই। ম্যানেজিং কমিটিতে প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট প্রমুখ নির্দিষ্ট ভোটারদের ভোটের মাধ্যমে নির্বাচিত হয়ে থাকেন। এক্ষেত্রে রুলসে তাদের শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে কোনও নির্দিষ্ট মাপকাঠি দেওয়া নেই।

******